

ব্র্যাক ইউনিভার্সিটি তুরস্কের ইস্তাম্বুলে অবস্থিত আলটিনবাস ইউনিভার্সিটির সঙ্গে শিক্ষা, গবেষণা এবং উদ্ভাবনী কার্যক্রমের অভিজ্ঞতা ভাগাভাগির জন্য শিক্ষক-শিক্ষার্থী বিনিময় সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। সম্প্রতি আলটিনবাস ইউনিভার্সিটি সফরকালে বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট কাগি এরহানের সঙ্গে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন ব্র্যাক ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর প্রফেসর ভিনসেন্ট চ্যাং। তুরস্কের এই স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে বাংলাদেশের কোনো বিশ্ববিদ্যালয়ের এই পর্যায়ের সমঝোতা এই প্রথম।

এই সমঝোতা স্মারক অনুযায়ী, ব্র্যাক ইউনিভার্সিটি ও আলটিনবাস ইউনিভার্সিটি প্রতি বছর নিজেদের মধ্যে নির্দিষ্ট সংখ্যক শিক্ষার্থী বিনিময় করবে। এই বিনিময় প্রক্রিয়ায় অংশগ্রহণকারী শিক্ষার্থীবৃন্দ পূর্ণকালীণ শিক্ষার্থী হিসেবেই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে অংশ নেবেন এবং সেখানকার যাবতীয় সুবিধাদি লাভ করবেন। পারস্পরিক স্বার্থের ক্ষেত্রে শিক্ষামূলক কার্যক্রম সম্পন্ন করতে শিক্ষক এবং গবেষকও বিনিময় করবে এই দুটি শিক্ষাপ্রতিষ্ঠান। সেই সাথে এই চুক্তির ফলে পেশাগত উন্নয়নেও পরস্পরকে সহযোগিতা করবে ব্র্যাক ইউনিভার্সিটি ও আলটিনবাস ইউনিভার্সিটি।

আলটিনবাস ইউনিভার্সিটি একটি আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিশ্ববিদ্যালয়, যাদের বিশ্বের ৪০টি দেশের ২৭০টিরও বেশি বিশ্ববিদ্যালয়ের সাথে একাডেমিক এবং ১০০টিরও বেশি ব্যবসা প্রতিষ্ঠানের সাথে ব্যবসায়িক চুক্তি রয়েছে। অসাধারণ ক্যাম্পাস, উচ্চমান সম্পন্ন একাডেমিক সেবা এবং বিস্তৃত স্কলারশিপ সুবিধাদির কারণে আন্তর্জাতিক শিক্ষার্থীদের নিকট এটি তুরস্কের সেরা তিনটি পছন্দের বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি। বিশ্ববিদ্যালয়টিতে ৮৬টি দেশের দশ হাজারেরও বেশি শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছেন, যার মধ্যে ৪০ শতাংশ আন্তর্জাতিক এবং ৪৫ শতাংশ নারী শিক্ষার্থী।

ধারাবাহিকভাবে আন্তর্জাতিকীকরণের পথে অগ্রসর হওয়ার অংশ হিসেবে, ব্র্যাক ইউনিভার্সিটি সম্প্রতি বেশ কয়েকটি স্বনামধন্য আন্তর্জাতিক শিক্ষাপ্রতিষ্ঠানের সাথে সহযোগিতামূলক চুক্তি করেছে। ব্র্যাক ইউনিভার্সিটি যুক্তরাষ্ট্রের টেক্সাস এএন্ডএম ইউনিভার্সিটি-কর্মাস ও ক্যালিফোর্নিয়া নর্থস্টেট ইউনিভার্সিটি এবং যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অফ লিংকন ও ইউনিভার্সিটি অফ কেন্টের মতো খ্যাতিসম্পন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে সহযোগিতামূলক চুক্তি করেছে। ব্র্যাক ইউনিভার্সিটি গত কয়েক বছর ধরে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য এবং এখন তুরস্কের প্রখ্যাত বিশ্ববিদ্যালয়সমূহের সাথে সহযোগিতাপূর্ণ সম্পর্ক তৈরির মাধ্যমে উচ্চশিক্ষার বিশ্ব মানচিত্রে নিজ অগ্রযাত্রা সম্প্রসারণ করে চলেছে। সংবাদ বিজ্ঞপ্তি